# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১২৯৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৭. দ্বিতীয় অনুচ্ছেদ - রমাযান মাসের ক্বিয়াম (তারাবীহ সালাত)

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: فَقَدْتُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيْلَةً فَإِذَا هُوَ بِالْبَقِيعِ فَقَالَ أَكُنْتِ تَخَافِينَ أَنْ يَحِيفَ اللَّهُ عَلَيْكِ وَرَسُولُهُ؟ قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ إِنِّي ظَنَنْتُ أَنَّكَ أَتَيْتَ بَعْضَ نِسَائِكَ فَقَالَ: إِنَّ اللَّهَ تَعَالَى يَنْزِلُ لَيْلَةَ النِّصْفِ مِنْ شَعْبَانَ إِلَى السَّمَاءِ الدُّنْيَا فَيَغْفِرُ لِأَكْثَرَ مِنْ عَدَدِ شَعْرِ غَنَمِ كَلْبٍ رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْنُ مَاجَهْ وَزَادَ رَزِينٌ: «مِمَّنِ اسْتَحَقَّ النَّارَ» وَقَالَ التِّرْمِذِيُّ: سَمِعْتُ مُحَمَّدًا يَعْنِي الْبُخَارِيّ يضعف هَذَا الحَدِيث

বাংলা

১২৯৯-[৫] উম্মুল মু’মিনীন ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একবার আমি রাত্রে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বিছানায় খুঁজে না পেয়ে তাঁকে খুঁজতে খুঁজতে হঠাৎ জান্নাতুল বাকীতে দেখতে পেলাম। আমাকে দেখে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি কি আশংকা করেছিলে যে, আল্লাহ ও রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তোমার ওপর অবিচার করবে? আমি আবেদন করলাম, হে আল্লাহর রসূল! আমি মনে করেছিলাম আপনি আপনার কোন বিবির নিকট গিয়েছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, (’আয়িশাহ্!) আল্লাহ তা’আলা শা’বান মাসের পনের তারিখের রাত্রে প্রথম আকাশে নেমে আসেন। বানূ কালব গোত্রের (বকরীর) দলের পশমের সংখ্যার চেয়েও বেশী পরিমাণ গুনাহ ক্ষমা করে দেন। (তিরমিযী, ইবনু মাজাহ; রযীন অতিরিক্ত বর্ণনা করেছেন ’’যাদের জন্য জাহান্নাম অবধারিত হয়েছে তাদের মধ্য থেকে’’। আর তিরমিযী বলেছেন, আমি ইমাম বুখারীকে এ হাদীসটি দুর্বল হিসেবে উল্লেখ করতে শুনেছি)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আত্ তিরমিযী ৭৩৯, ইবনু মাজাহ্ ১৩৮৯, দারাকুত্বনী ৮৯, শু‘আবুল ঈমান ৩৮২৬, শারহুস্ সুন্নাহ্ ৯৯২। এর সানাদে বিচ্ছিন্নতা রয়েছে, কারণ ইয়াহ্ইয়া ইবনু আনবী কাসীর ‘উরওয়াহ্ থেকে শুনেননি।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে بَقِيع (বাক্বী‘) দ্বারা উদ্দেশ্য হলো بقيع الغرقد (বাক্বী‘উল গারক্বাদ), গারক্বাদ এক প্রকার গাছের নাম। সুতরাং بقيع الغرقد এর অর্থ হলো গারক্বাদ গাছ বিশিষ্ট সুপরিসর স্থান। এটি মদীনার উপকণ্ঠের একটি স্থানের নাম এবং সেখানে মদীনাবাসীদের কবর রয়েছে। আর সেখানে গারক্বাদ গাছ থাকার কারণে তার নাম بقيع الغرقد (বাক্বী‘উল গারক্বাদ) রাখা হয়েছিল। (পরবর্তীতে তা জান্নাতুল বাক্বী নাম ধারণ করে।)

(فَيَغْفِرُ لِأَكْثَرَ مِنْ عَدَدِ شَعْرِ غَنَمِ كَلْبٍ) এখানে غَنَمِ كَلْبٍ এর كَلْبٍ বলতে বানী কালব গোত্রকে বুঝানো হয়েছে। আলোচ্য হাদীসে বানী কালবকে নির্দিষ্ট করার কারণ হলো সমস্ত আরবের মধ্য বানূ কালব গোত্রে উট বকরী প্রতিপালন বেশী হত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55859

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন